



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশি হিসেবে আদিবাসী নৃগোষ্ঠী সুরক্ষা ও নিরাপত্তাসহ

সকল সুযোগ-সুবিধা পাবার অধিকার রাখে-

‘আদিবাসী সুর: সংস্কৃতির সুরক্ষা ও ঐক্যের ডাক’ শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠানে
উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৬ অক্টোবর ২০২৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের আদিবাসী শিক্ষার্থীদের অংশগ্রহণে আজ ‘আদিবাসী সুর: সংস্কৃতির সুরক্ষা ও ঐক্যের ডাক’ শিরোনামে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান বলেছেন, সমাজে কোনো নির্দিষ্ট একটি জনগোষ্ঠীকে মূল শ্রোত বলে অনেকে যা বুঝতে চান, তা সঠিক নয়। কোনো একটি জনগোষ্ঠী অন্য একটি জনগোষ্ঠী থেকে শ্রেয়তর নয়। বাংলাদেশের সকল নাগরিক-ই ন্যায্য প্রাপ্যতার দিক থেকে সমান। কোনো নৃগোষ্ঠীতে ভেদাভেদ থাকা উচিত নয়। বাংলাদেশি হিসেবে আদিবাসী নৃগোষ্ঠী সমাজ ও রাষ্ট্রের কাছে সুরক্ষা ও নিরাপত্তাসহ সকল সুযোগ-সুবিধা পাবার অধিকার রাখে। এখানে ভিন্নমত বা বৈষম্যের কোনো সুযোগ নেই।

সকাল দশটায় নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের আফসার আহমদ ল্যাভে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. ফাহিমদা আক্তার তাঁর স্বাগত বক্তব্যে বলেন, বাংলাদেশের ভূখণ্ডে বসবাসরত নৃগোষ্ঠীদের ঐতিহ্য, সংস্কৃতির বিকাশ, চর্চা ও সুরক্ষায় নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ দৃঢ় প্রতিজ্ঞ। এই বিভাগ প্রতিষ্ঠার সৃষ্টিলগ্ন থেকেই আদিবাসী সংস্কৃতির ঐতিহ্য রক্ষা, গবেষণা ও বিস্তারে চিন্তাশীল ভূমিকা রেখে চলেছে। এরই ধারাবাহিকতায় আমাদের শিক্ষা কার্যক্রমের পাঠ্যক্রমে আদিবাসী/নৃগোষ্ঠী নাট্য, সাহিত্যসহ তাদের জনজীবন ও সংস্কৃতির নানা অনুষ্ণ পাঠ্যক্রমে অন্তর্ভুক্তির পাশাপাশি গুরুত্বের সাথে এ সকল বিষয় অধ্যয়ন, চর্চা ও গবেষণা করা হয়ে থাকে। এ লক্ষ্যে নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বাংলাদেশের প্রথম আদিবাসীদের নিজস্ব নাট্য, ঐতিহ্য ও সংস্কৃতি চর্চার গুরুত্ব অনুধাবন করে স্নাতকোত্তর পর্যায়ে ‘এথনিক থিয়েটার স্টাডিজ’ গ্রুপ নামে আলাদা একটি শাখা চালু করে। এ বিভাগে বাঙালি শিক্ষার্থী ছাড়াও অন্যান্য জনগোষ্ঠীর শিক্ষার্থীর সংখ্যাও যথেষ্ট রয়েছে। তিনি বলেন, বর্তমান রাজনৈতিক পটপরিবর্তনের কারণে দেশব্যাপী যে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি হয়েছে তা থেকে বাদ পড়েনি আদিবাসী অধ্যুষিত জনগোষ্ঠীর মানুষ এবং তাদের এলাকাগুলো। এদেশের ভূখণ্ডে বসবাসরত অন্যান্য জনগোষ্ঠীর ন্যায় এসকল আদিবাসী জনগোষ্ঠীর মানুষের জানমালের নিরাপত্তা ও তাদের নিজস্ব ঐতিহ্য ও সংস্কৃতির সুষ্ঠু চর্চা, বিকাশ এবং মত প্রকাশের স্বাধীনতার পাশাপাশি তাদের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল ও সহমর্মী হওয়ার আহ্বান জানিয়ে নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষার্থীরা এই অনুষ্ঠানের আয়োজন করে। নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা এই অনুষ্ঠান উপভোগ করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)